



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৪৩.০১১.২০২৪-৪৩৭

তারিখ: ২৭/০৪/২০২৪ খ্রি.

বিষয়: বাজিতপুর রাজ্জাকুলেছা (আর.এন) সরকারি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, বাজিতপুর, কিশোরগঞ্জ-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়ন।

সূত্র: (ক) কলেজ স্মারক নং ১৪, তারিখ: ০৯.০৩.২০২৪ খ্রি.

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১-৫১, তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সরকারিকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০২৪' এবং 'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্মীকরণ বিধিমালা, ২০১৮' এর আলোকে সরকারিকৃত বাজিতপুর রাজ্জাকুলেছা (আর.এন) সরকারি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, বাজিতপুর, কিশোরগঞ্জ-এর অধ্যক্ষের শূন্যপদে সম্প্রতি রাজস্বখাতে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত বিধি মোতাবেক জ্যেষ্ঠতম শিক্ষক জনাব মুহাম্মদ খাইরুল হাসান কাউছার, প্রভাষক (নন-ক্যাডার) ইতিহাস-কে দায়িত্ব হস্তান্তর/পদ শূন্য হওয়া/সরকারি নিয়োগের পর যোগদানের তারিখ হতে শর্তসাপেক্ষে সাময়িকভাবে আর্থিক ক্ষমতাসহ ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়ন করা হলো।

(ক) প্রশাসনিক পদ অধ্যক্ষ/উপাধ্যক্ষ পূরণ হওয়ার সাথে সাথে এ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

(খ) বিধি অনুযায়ী তাঁর অবসরোত্তর ছুটি/অবসরের সাথে সাথে দায়িত্ব হস্তান্তর করতে হবে।

(গ) আর্থিক বিষয়সহ অন্যান্য কার্যক্রম প্রযোজ্য বিধি অনুযায়ী পরিচালনা করতে হবে।

(ঘ) দায়িত্বকালীন সময়ের আর্থিক বিষয়সহ সকল কাজে ভারপ্রাপ্ত অধ্যক্ষ দায়বদ্ধ থাকবেন।

(ঙ) পরবর্তী ভারপ্রাপ্ত অধ্যক্ষ মনোনয়নের জন্য তাঁর অবসরোত্তর ছুটি/অবসরের অন্তত এক মাস পূর্বে ৫ (পাঁচ) জন জ্যেষ্ঠ শিক্ষকের তথ্যসহ তালিকা প্রেরণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ তারিকুল ইসলাম-১৫৫৫৭)

সহকারী পরিচালক (কলেজ-১)

ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ

বাজিতপুর রাজ্জাকুলেছা (আর.এন) সরকারি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ((জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, -----

০৩। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল, -----

০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;

০৬। জেলা প্রশাসক, -----

০৭। উপপরিচালক (সাঃ প্রঃ/কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

০৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ----- অঞ্চল, -----

০৯। উপজেলা নির্বাহী অফিসার, -----

১০। জেলা শিক্ষা অফিসার, -----

১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, -----

১২। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----

১৩। শাখা ব্যবস্থাপক, ----- ব্যাংক, -----

১৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

১৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;

১৬। জনাব -----

১৭। সংরক্ষণ নথি/অফিস কপি/ওয়েব সাইটে প্রকাশের জন্য।